

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪২৯৬

কাঞ্চনপুর, ১৯ ডিসেম্বর, ২০২৩

পূর্ণজয়পাড়া উচ্চবুনিয়াদি বিদ্যালয়ে নবনির্মিত ছাত্রাবাসের উদ্বোধন

জনজাতি অংশের ছাত্রছাত্রীদের শিক্ষার বিকাশে

সরকার অগ্রাধিকার দিয়েছে : জনজাতি কল্যাণমন্ত্রী

রাজ্যের প্রান্তিক জনপদের জনজাতি অংশের ছাত্রছাত্রীদের শিক্ষায় উৎসাহিত করতে রাজ্য সরকার বিভিন্ন পরিকল্পনা নিয়েছে। প্রান্তিক এলাকার বিদ্যালয়গুলিতে ছাত্রাবাস ও ছাত্রী আবাস নির্মাণ করা হচ্ছে। গতকাল দশদা রাকের পূর্ণজয়পাড়া উচ্চবুনিয়াদি বিদ্যালয়ে নবনির্মিত ছাত্রাবাসের উদ্বোধন করে জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। অনুষ্ঠানে জনজাতি কল্যাণমন্ত্রী আরও বলেন, জনজাতি অংশের ছাত্রছাত্রীদের শিক্ষার বিকাশেও সরকার অগ্রাধিকার দিয়েছে। উল্লেখ্য, ৫০ শয্যা বিশিষ্ট এই ছাত্রাবাস নির্মাণে ব্যয় হয়েছে ১ কোটি ২২ লক্ষ টাকা। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এমডিসি শৈলেন্দ্র নাথ, দশদা বিএসির ভাইস চেয়ারম্যান সঞ্জিত রিয়াৎ, জনজাতি কল্যাণ দপ্তরের উপঅধিকর্তা বি দার্লং, মহকুমা শাসক অমরেশ বর্মণ, বিডিও আমপুরুষা দার্লং প্রমুখ।
